


স্মারক নং- ৫১.০১.০০০০.০০৪.০১.০৪১.২০.৫৮৩

তারিখ : ১৫-১০-২০২০ খ্রি.

## নোটিশ

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের উচ্চমান সহকারী, বেতার যন্ত্রচালক, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, গাড়িচালক, অফিস সহায়ক, নিরাপত্তা প্রহরী পদে জনবল নিয়োগের নিমিত্ত ১ম বার ১৬-০৩-২০১৬ তারিখে ৫১.০১.০০০০.০০৪.১১.০৩৭.১৫.১৮২ নং স্মারকে সরাসরি / ডাকযোগে আবেদন আহ্বান করে নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হয়। ২য় বার ১৬-১১-২০১৭ তারিখে ৫১.০১.০০০০.০০৪.১১.০৩৭.১৫(অংশ-১).৮৭৪ নং স্মারক এবং ৩য় বার ২১-০৫-২০১৮ তারিখে ৫১.০১.০০০০.০০৪.১১.০৩৮.১৭.৩৩০ নং স্মারকে টেলিটকের মাধ্যমে আবেদন আহ্বান করে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। প্রকাশিত সকল নিয়োগ বিজ্ঞপ্তি প্রেক্ষিতে ২৬-০৪-২০১৯ তারিখ ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগ কর্তৃক এমসিকিউ পদ্ধতিতে প্রাথমিক বাছাই (লিখিত) পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রাথমিক বাছাই পরীক্ষার ফলাফল গত ১০-১০-২০২০ তারিখ প্রকাশিত হয় এবং আগামী ২৩-১০-২০২০ তারিখ লিখিত পরীক্ষা ৪টি শিক্ষা প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে টেলিটকের মাধ্যমে এমসিকিউ পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মোবাইল নম্বরে এসএমএস প্রেরণ করা হয়েছে এবং লিখিত পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) আপলোড করা হয়েছে, যা <http://ddmr.teletalk.com.bd> হতে ডাউনলোড করা যাবে। এছাড়া, ১ম বার সরাসরি/ডাকযোগে দাখিলকৃত আবেদনকারীদের মধ্যে যারা উত্তীর্ণ হয়েছেন তাদের অনুকূলে ডাকযোগে লিখিত পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) প্রেরণ করা হয়েছে।

এমসিকিউ পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী লিখিত পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড করতে অসুবিধা হলে কিংবা ডাকযোগে প্রেরিত প্রবেশপত্র (Admit Card) না পেলে আগামী ২১-১০-২০২০ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রশাসন-২ শাখা হতে লিখিত পরীক্ষার কার্ড সংগ্রহের জন্য অনুরোধ করা হলো।

  
২৫.১০.২০২০  
( ড. মোঃ হাবিব উল্লাহ বাহার )  
(উপসচিব)

উপপরিচালক (প্রশাসন-২)

ও

সদস্য-সচিব

বিভাগীয় নির্বাচন কমিটি

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

বিতরণ :

- ১। নোটিশ বোর্ড, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। নোটিশ বোর্ড, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।